



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ইলেক্ট্রনিক ছাড়পত্র (ই-টিসি) নির্দেশিকা

Electronic Transfer Certificate (e-TC) Instruction

জেএসসি/এসএসসি/এইচএসসি নিবন্ধন
জেএসসি/এসএসসি/এইচএসসি ফর্মপূরণ
পরীক্ষা হাজিরা

আবেদনকারী:

[Home](#) [Application Status](#) [Admission Cancel](#) [New Admission](#) [Login](#)

[ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল](#)

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ (www.rajshahieducationboard.gov.bd)—এ “ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল” অপশনে ক্লিক করে আবেদনকারী Exam Name- HSC/SSC, Exam Year সিলেক্ট করে Previous Examination Information এ Exam- SSC/JSC, Board– Rajshahi/Dhaka/Dinajpur/Madrasah ইত্যাদি, Exam Year সিলেক্ট করে Registration No & Roll No পূরণ করে Find-এ ক্লিক করলে, আবেদনকারীর নাম/পিতার নাম/মাতার নাম বিভাগ ও বর্তমান প্রতিষ্ঠানের নাম পাওয়া যাবে। মোবাইল নম্বর, জেন্ডার- Male/Female, Version, Shift, TC Institute District এবং TC Institute পূরণ করে, বদলি জনিত কারণ পিতা/মাতার বদলি/বাসস্থান পরিবর্তন/যাতায়াত সমস্যা/আর্থিক অস্বচ্ছলতা টিক চিহ্ন দিয়ে Next Button এ ক্লিক করলে আবেদনকারী দুই প্রতিষ্ঠানের নামসহ তার তথ্য পাবেন। আবেদনকারীকে আবেদনের সাথে অনলাইনে পূরণকৃত তথ্য e-TC Form সংযুক্ত করে প্রতিষ্ঠানে আবেদন করতে হবে।

১ম প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান ছাড়পত্র দিবে:

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ “ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল” থেকে Login-এ ক্লিক করে User id: EIIN No ও Password (রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম Password) ব্যবহার করে Apply From TC (out) থেকে Apply From TC Pending এ ক্লিক করে প্রতিষ্ঠানের TC আবেদনের তালিকা দেখতে পারবেন। Sign এ ক্লিক করলে প্রতিষ্ঠানের email Address-এ একটি OTP (পাসওয়ার্ড) যাবে। OTP সংগ্রহ করে Submit করলে প্রাথমিক ভাবে TC এর অনুমতি পাবে এবং Apply From TC Pending তালিকা থেকে আবেদনটি Sign TC তালিকায় চলে যাবে অর্থাৎ Sign TC তালিকায় আবেদন পাওয়া যাবে। একই সাথে নতুন প্রতিষ্ঠান এর TC Pending তালিকায় আবেদনটি পাওয়া যাবে।

২য় প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান ছাড়পত্র গ্রহণ করবে:

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ “ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল” ক্লিক করে প্রতিষ্ঠান Login করে নিজে User id: (EIIN No) ও Password (রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম Password) ব্যবহারের মাধ্যমে Add By TC (in) থেকে TC Pending এ ক্লিক করলে পূর্বের প্রতিষ্ঠান থেকে TC অনুমতি প্রাপ্ত ছাত্র/ছাত্রীর তালিকা দেখাবে এবং আসন ফাঁকা সাপেক্ষে অনুমতি দিতে চাইলে তার নামের পাশে Sign-এ ক্লিক করলে প্রতিষ্ঠানের email Address-এ একটি OTP (পাসওয়ার্ড) যাবে। OTP সংগ্রহ করে Submit করলে এই ছাত্র/ছাত্রী TC এর জন্য অনুমতি পাবে এবং TC Pending তালিকা থেকে আবেদনটি Sign TC তালিকায় চলে যাবে অর্থাৎ Sign TC তালিকায় আবেদন পাওয়া যাবে। উভয় প্রতিষ্ঠানের Sign করার পর শিক্ষা বোর্ড অনুমতি প্রদান করলে সোনালী সেবা স্লিপ তৈরী হবে। Application Status-এ ক্লিক করে আবেদনকারী তথ্য পূরণ করলে সোনালী সেবা স্লিপ পাওয়া যাবে, আবেদনকারীকে উক্ত সোনালী সেবা স্লিপের টাকা ব্যাংকে জমা দিলে, আবেদনটি উভয় প্রতিষ্ঠানের Confirm TC তালিকায় পাওয়া যাবে অর্থাৎ আবেদনকারীর TC/ছাড়পত্র কার্যক্রম সম্পন্ন হয়েছে, তবে সোনালী সেবা স্লিপের টাকা ৫ দিনের মধ্যে জমা না দিলে আবেদনটি বাতিল হয়ে যাবে (পুনরায় TC নিতে চাইলে নতুন করে আবেদন/সংশোধন করতে হবে)। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী প্রতিষ্ঠান পূর্বের প্রতিষ্ঠানে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে।

স্বাঃ/-

সিনিয়র সিস্টেম এনালিস্ট

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্বাঃ/-

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী